নর্দান ইউনিভার্সিটির ফটকে ককটেল বিস্ফোরণ



ছবি: সংগৃহীত

রাজধানীর দক্ষিণখানে নর্দান ইউনিভার্সিটি বাংলাদেশের ক্যাম্পাসের প্রধান ফটকে ককটেল বিস্ফোরণের ঘটনা ঘটেছে। মঙ্গলবার (১০ নভেম্বর) সন্ধ্যায় কাওলা এলাকায় বিশ্ববিদ্যালয়টির গেটে এ ঘটনা ঘটে। এতে কেউ হতাহত হয়নি।

দক্ষিণখান থানার পরিদর্শক (অপারেশন) মিন্টু চন্দ্র রায় বলেন, ককটেল বিস্ফোরণের খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে যায়। সেখানে গিয়ে একটি পটকা বিস্ফোরণের বিষয়টি জানতে পারে তারা।

এ ঘটনায় কেউ আহত হয়নি। কাউকে আটকও করা সম্ভব হয়নি বলে জানান তিনি।

LENS ASIA